# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Poush 17, 1430 Bangla, January 01, 2024, Monday, No. 01, 53rd year

# H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina says, changes are being made in the curriculum of the school as the government wants to develop an international standard education system in Bangladesh. (VOA: 7)

AL GS says, BNP's acting Chairman Tarique Rahman is forming a killing squad from London. Adds, BNP wants to thwart the election after failing in the movement but the people will resist it by voting. (R. Today: 12)

BNP SJSG R K Rizvi urges all to boycott the dummy election & to make the non-cooperation movement a success. Adds, people should take a stand against one-sided election & the looters. (R. Tehran: 08)

BNP sends letter to the embassies of various countries including the UN saying in the background of two elections like 2014 and 2018, BD is moving towards another farcical one-sided parliamentary election without opposition parties. (R. Today: 11)

CEC directs executive magistrates to counter the fear of violence 2 days before the polls. Adds, one party boycotted the vote in upcoming elections. So organizing polls is difficult due to political reasons. (R. Today: 11)

Advocate Sultana Kamal, a former advisor of caretaker govt system, comments country's human rights situation is very bad. Adds, those who speak of human rights have been taken to a place of hostility. (R. Today: 12)

ASK says 14 political parties including BNP have boycotted the elections and it has already created many questions & concerns about the acceptability & participatory elections at and abroad. (BBC: 04)

A court in Dhaka has sentenced eight leaders activists of BNP including its joint secretary general Moazzem Hossain Alal and former Jubo Dal president Saiful Islam Nirab to three years in prison. (VOA: 08)

Compared to last year, extrajudicial killings in country have decreased slightly but have not stopped. Rather, there has been an alarming increase in the number of deaths in police, RAB & prison custody. (BBC: 04)

A former Dhaka University student, who went to the US to pursue higher studies, was shot dead in a robbery at a store in Texas on Friday. (R. Today: 13)

Bangladesh, which is blighted by extreme weather and heavy storms, suffers an average of 300 deaths by lightning every year, according to the UN. (BBC: 15)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**পৌষ ১৭, বাংলা ১৪৩০, জানুয়ারি ০১, ২০২৪, সোমবার, নং- ০১, ৫৩তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে আন্তর্জাতিক মানের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে চায় বলেই সরকার পাঠ্যসূচিতে পরিবর্তন করেছে। (ভোয়া: ৭)

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়া লন্ডনে বসে কিলিং স্কোয়াড গঠন করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি বলেন, বিএনপি আন্দোলনে ব্যর্থ হয়ে নির্বাচন বানচাল করতে চায় কিন্তু জনগণ ভোট দিয়ে তা প্রতিহত করবে। (রে. টুডে: ১২)

বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী ডামি নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলন সফল করতে সবাইকে মাঠে নামার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সরকারের একতরফা নির্বাচনের বিরুদ্ধে ও লুটেরাদের বিরুদ্ধে জনগণকে অবস্থান নিতে হবে। (রে. তেহরান: ০৮)

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে বিরোধী দলবিহীন একতরফা নির্বাচন উল্লেখ করে জাতিসংঘসহ বিভিন্ন দেশের দূতাবাসে চিঠি দিয়েছে বিএনপি। চিঠিতে বলা হয়, ২০১৪ ও ২০১৮ সালের মতো দুটি নির্বাচনের পটভূমিতে আগামী ৭ জানুয়ারি একটি নির্বাচনের নামে প্রহসনমূলক ও সহিংস কারচুপির দিকে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। (রে. টুডে: ১১)

ভোটের দু'দিন আগে সহিংসতা হওয়ার আশঙ্কা থাকে উল্লেখ করে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সেই শঙ্কা প্রতিহত করার নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার। তিনি বলেছেন, আসন্ন নির্বাচনে একপক্ষ ভোটে অন্যপক্ষ ভোট বর্জন করেছে। সুতরাং রাজনৈতিক কারণে ভোট আয়োজন কঠিন। (রে. টুডে: ১১)

দেশের মানবাধিকার পরিস্থিতি খুবই খারাপ বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামাল। তিনি বলেন, মানবাধিকারের কথা তুললে সরকার বিরক্ত হচ্ছে। যারা মানবাধিকারের কথা বলছেন, তাদের বৈরিতার জায়গায় নিয়ে যাওয়া হয়েছে। রাষ্ট্র ও মানবাধিকার কর্মীদের মুখোমুখি দাঁড় করানো হচ্ছে।(রে. টুডে: ১২)

আইন ও সালিশ কেন্দ্র বলছে, বিএনপিসহ ১৪টি রাজনৈতিক দল নির্বাচন বর্জন করায় ইতোমধ্যে নির্বাচনের গ্রহণযোগ্যতা এবং অংশগ্রহণমূলকতা নিয়ে দেশে-বিদেশে নানা প্রশ্ন ও উৎকণ্ঠা সৃষ্টি হয়েছে। (বিবিসি: ০৪)

বিএনপির যুগ্ম মহাসচিব মোয়াজ্জেম হোসেন আলাল ও যুবদলের সাবেক সভাপতি সাইফুল ইসলাম নিরবসহ আটজনকে তিন বছর করে কারাদণ্ড দিয়েছেন ঢাকার একটি আদালত। (ভোয়া: ৮)

দেশে গত বছরের তুলনায় এ বছর বিচারবহির্ভূত হত্যার ঘটনা কিছুটা কমে আসলেও একেবারে বন্ধ হয়নি। বরং আশঙ্কাজনকভাবে বেড়ে গিয়েছে পুলিশ, র‍্যাব ও কারা হেফাজতে মৃত্যুর ঘটনা। (বিবিসি: ০৪)

যুক্তরাষ্ট্রের টেক্সাসে দুর্বৃত্তের গুলিতে নিহত হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সাবেক শিক্ষার্থী। স্থানীয় সময় শুক্রবার বিউমন্টের একটি দোকানে গুলি ছুড়ে তাকে হত্যা করা হয়। তিনি উচ্চ শিক্ষা গ্রহণে আমেরিকা এসেছিলেন। (রে. টুডে: ১৩)

জাতিসংঘের তথ্য অনুযায়ী, চরম আবহাওয়া এবং ভারী ঝড়ের কারণে ক্ষতিগ্রস্ত বাংলাদেশে প্রতি বছর বজ্রপাতে গড়ে ৩০০ জন মারা যায়। (বিবিসি: ১৫)

# বিবিসি

## নির্বাচনে নারী প্রার্থী, কী বিবেচনায় রাখে ভোটার ও দলগুলো

রাজধানী ঢাকার কাছের একটি জেলা গাজীপুর। এ জেলার পাঁচটি আসনের মধ্যে তিনটিতেই এবার ক্ষমতাসীন দল আওয়ামী লীগ নারী প্রার্থী মনোনয়ন দিয়েছে। এর মধ্যে ব্যতিক্রম গাজীপুর-৩ শ্রীপুর আসন। প্রথমবারের মতো এ আসনে কোন নারী প্রার্থীকে মনোনয়ন দিয়েছে দলটি। বর্তমান সংসদ সদস্যসহ মনোনয়নপ্রত্যাশী পাঁচ প্রার্থীর মধ্যে একজন নারী প্রার্থী রুমানা আলীকে বেছে নিয়েছে দলটি। এই পাঁচজনের মধ্যে রুমানার বড় ভাইও প্রার্থী ছিলো। রুমানা এর আগে দলটির সংরক্ষিত মহিলা আসনে সংসদ সদস্য ছিলেন। ক্ষমতাসীন দল আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য ও প্রতিমন্ত্রী রহমত আলীর মেয়ে রুমানা।

বাংলাদেশের জাতীয় নির্বাচনে নারী প্রার্থীদের সরাসরি মনোনয়নের সংখ্যা বরাবরই কম হলেও আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নারী প্রার্থী মনোনয়ন এবার অতীতের তুলনায় বেড়েছে। যদিও পুরুষের তুলনায় তাও মাত্র পাঁচ শতাংশ। এবারের নির্বাচনে ৩০০ আসনে এক হাজার ৮৯৫ জন প্রার্থী রয়েছেন, যাদের মধ্যে ৯৪ জন নারী । এবার নির্বাচনে ২৭টি দল অংশ নিচ্ছে। এর মধ্যে ১৪ টি দল এবার ৬৮ জন নারীকে মনোনয়ন দিয়েছে। বাকি ২৬ জন স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেবেন। একাদশ সংসদ নির্বাচনে এ সংখ্যা ছিলো ৬৮ জন। এবারের নির্বাচনে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ ২৪ জন নারী প্রার্থীকে মনোনয়ন দিয়েছে। কিন্তু এর মধ্যে বরিশাল-৪ আসনের শাম্মী আহমেদের মনোনয়ন বাতিল করেছে আদালত। এর আগে ২০১৮ এর একাদশ নির্বাচনে ১৮ জন নারীকে মনোনয়ন দিয়েছিলো দলটি । বৃহস্পতিবার গাজীপুরের শ্রীপুরে বরমী ইউনিয়নের গাড়ারন এলাকায় গিয়ে জনসভায় ব্যস্ত থাকতে দেখা যায় রুমানা আলীকে। নির্বাচনে মনোনয়ন পাওয়ার পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের দ্বারা যেসব হুমকির সম্মুখীন হয়েছেন এখানে এক জনসভায় তা তুলে ধরেন তিনি। তার কাছে প্রশ্ন ছিলো নারীদের মনোনয়ন কম দেয়া হয় কেন?

তিনি বলেন, "অনেকেই এ জায়গাগুলো তৈরি করে নিতে পারে না। সুযোগটা তৈরি হয়নি। নারীকে কাজের প্রমাণ সব জায়গায় পুরুষের তুলনায় বেশি দিতে হয়"। "পুরুষরাই-তো আমাদের জন্য একেবারে চ্যালেঞ্জ। তারা কাজ করার সুযোগ দেয় না। কাজ করতে চাইলেও পাশে এসে দাঁড়ায় না" যোগ করেন তিনি। দেশের জাতীয় নির্বাচনে নারী প্রার্থীদের মনোনয়নের ক্ষেত্রে পারিবারিক রাজনীতির সংস্কৃতি বেশি প্রাধান্য পায় কিনা এ প্রশ্নে বলেন, "এটা এ উপমহাদেশের ট্রেন্ড। আরবসহ বিভিন্ন দেশে এ প্রাকটিস রয়েছে"। "পারিবারিক কারণেই আমাকে নমিনেশন দেয়া হয়েছে , এমন নয়। গত পাঁচ বছর কাজের মাধ্যমে নিজেকে প্রমাণ করতে হয়েছে আমার„, বলছেন রুমানা। তবে, বাবার রাজনীতির কারণে সুবিধাভোগী হয়েছেন এ কথা স্বীকার করেন তিনি । বলেন, "আব্বার তৈরি করা মাঠ পেয়েছি। তার কর্মীদের পেয়েছি। এটা অস্বীকার করার কিছু নেই। বাবার মাঠের কর্মীরাই কাজ করছে আমার জন্য। পারিবারিক বেনিফিট পাই আমি। এটা সত্যি„, বলছেন মিস আলী ।

তৃণমূল রাজনীতি করে নারীরা মনোনয়ন পায় কি? এমন প্রশ্নে বলেন, "মতিয়া চৌধুরীর মতো অনেকেই আছেন। এ সংখ্যা খুব কম কি? সংখ্যা আছে। অনেকেই মনোনয়ন পেয়েছেন। নারী নেতৃত্বের জায়গাটা প্রস্তুত করে নিতে হয়। সবকিছুতেই নিজেকে তৈরি করে নিতে হয়। সংসদের অনেক ভাষা আছে, সেগুলো জানতে হয়„, বলেন রুমানা আলী। তিনি আশা-প্রকাশ করে বলেন, "আমাদের সরকার নারীবান্ধব সরকার। নিশ্চয়ই পলিসি চেঞ্জ হবে।„

ভোটারদের তথ্য অনুযায়ী, এ আসনে সাত প্রার্থীর মধ্যে মূলত দুই প্রার্থীর ভোটের লড়াই হবে। মনোনয়ন পাওয়া রুমানা আলী ও মনোনয়ন না পাওয়া আওয়ামী লীগের বর্তমান সংসদ সদস্য মুহাম্মদ ইকবাল হোসেন। এ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে ভোটে অংশ নেবেন তিনি । বৃহস্পতিবার শ্রীপুর পৌরসভার লোহাগাছ এলাকায় এক জনসভায় কথা হয় ইকবাল হোসেনের সাথে। কী বিবেচনায় তার দল এই আসনে মনোনয়ন দিয়েছে এমন প্রশ্নের জবাবে মি. হোসেব বলেন, "দলীয় নেত্রী কী বিবেচনায় মনোনয়ন দিয়েছে সেটি তার বিষয়। কোন ক্রাইটেরিয়ায় মনোনয়ন দিয়েছে নেত্রী এটা জানার অধিকার আমার নেই। জিজ্ঞেস করতেও পারবে না। এটাও হতে পারে জনপ্রিয়তার দিক থেকে আমি অনেক বেশি। তাই আমি স্বতন্ত্র করলে একটা অংশগ্রহণমূলক, প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন হলো। এটা একটা স্পেকুলেশন„, বলছেন ইকবাল। মি. হোসেন রুমানার বাবার রাজনীতির কথা উল্লেখ করে বলেন, "নিঃসন্দেহে উনি রাজনৈতিক পরিবারের। তার বাবা পাঁচবারের সংসদ সদস্য ছিলো এ আসনে। এটা তো সত্যি।„

বাংলাদেশের রাজনীতির ইতিহাসে তৃণমূল রাজনীতি থেকে উঠে আসা নারী নেতৃত্ব হাতেগোণা। বেশির ভাগ সময়ই দেখা গেছে সংরক্ষিত আসন থেকে বা পারিবারিক ঐতিহ্য বিবেচনায় নিয়েই মনোনয়ন দেয় দলগুলো। বিশেষ করে ভোটে জয়-পরাজয়ের হিসাব, পারিবারিক রাজনৈতিক সংস্কৃতি বাংলাদেশের নির্বাচনে নারী প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে প্রাধান্য পায়। তবে, ভোটাররা নারী -পুরুষ দেখবে না দাবি করে ইকবাল বলেন, "নারীরা সাধারণত ভোটের কর্মসূচিতে অংশ নেয় না কিন্তু কাজ করেছেন বলেই তারা সক্রিয় তার জন্য। কারণ পাঁচ বছর করেছি আমি"। এই আসনের ভোটাররা বলছিলেন, প্রার্থী নারী নাকি পুরুষ, সেটা নয়, তারা দেখতে চান কে তাদের জন্য উপকারী হবেন। শ্রীপুরের বাসিন্দা একজন নারী ভোটার বলছিলেন, ''যে যোগ্য ব্যক্তি তাকেই ভোট দিবো। নারী-পুরুষ আমার কাছে

বিষয় না।'' আরেকজন ভোটার বলছেন, ''মার্কা দেখছি না, আমরা দেখছি চরিত্র। যাকে বিপদে-আপদে পাশে পাবো, তাকেই ভোট দিবো।'' গাজীপুরের ভাষা শহীদ কলেজের অধ্যক্ষ মুকুল কুমার মল্লিক দীর্ঘদিন ধরে স্থানীয় নির্বাচন নিয়ে লেখালেখিও করছেন। ভোটে নারী মনোনয়ন কম পাওয়ার কারণ হিসেবে বলছেন, ''ভোটে জয়-পরাজয়ের হিসাব দেখে মনোনয়ন দেয় রাজনৈতিক দলগুলো। শহরের ভোটার আর গ্রামের ভোটারের মানসিকতায় পার্থক্য আছে। শহরের ভোটারদের নারীর প্রতি মানসিকতায় একটু পরিবর্তন হলেও গ্রামের ভোটারের নারীর প্রতি মানসিকতা এখনো চেঞ্জ হয়নি। রাজনৈতিক দলগুলো মাঠের ভোটের হিসাব করে, নারী ভোট পাবে কিনা নির্বাচিত হবে কিনা এসব বিবেচনায় রাখেন তারা„ বলছিলেন মুকুল কুমার। এ আসনের অন্যান্য প্রার্থীরা হলেন: স্বতন্ত্র এ কে এম সাখাওয়াত হোসেন, জাতীয় পার্টির সাইফুল ইসলাম, কৃষক শ্রমিক জনতা লীগের মো. আব্দুর রহমান। এছাড়া জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের মো. জহিরুল হক মণ্ডল বাচ্চু, বাংলাদেশ তরিকত ফেডারেশনের মো. জয়নাল আবেদীন। (বিবিস ওয়েব পেজ: ৩১.১২.২৩ রিহাব)

## 'বিচারবহির্ভূত হত্যাকাণ্ড কমেছে কিন্তু বেড়েছে আইনশৃঙ্খলা বাহিনীর হেফাজতে মৃত্যু'

বাংলাদেশে গত বছরের তুলনায় এ বছর বিচারবহির্ভূত হত্যার ঘটনা কিছুটা কমে আসলেও একেবারে বন্ধ হয়নি। বরং আশঙ্কাজনকভাবে বেড়ে গিয়েছে পুলিশ, র‍্যাব ও কারা হেফাজতে মৃত্যুর ঘটনা। বন্ধ হয়নি আইন শৃঙ্খলা বাহিনীর পরিচয়ে অপহরণ, গুম বা নিখোঁজ হওয়ার ঘটনাও। সবমিলে ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে এসে দেশের বিভিন্ন ক্ষেত্রে মানবাধিকার পরিস্থিতির খুব একটা উন্নতি দেখা যাচ্ছে না, এমনটাই উঠে এসেছে আলাদা দুটি মানবাধিকার সংগঠনের পর্যবেক্ষণে ।

শনিবার সকালে আলাদা সংবাদ সম্মেলনে ২০২৩ সালের মানবাধিকার পরিস্থিতি তুলে ধরে দুটি বেসরকারি সংস্থা আইন ও সালিশ কেন্দ্র (আসক) এবং মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) । সংবাদ সম্মেলনে তারা ২০২৩ সালে দেশের নির্বাচনি ও রাজনৈতিক সহিংসতার চিত্রও তুলে ধরে। একইসাথে রিপোর্টে উঠে এসেছে নারী ও শিশু নির্যাতন, পোশাক শ্রমিক সংক্রান্ত তথ্য, সীমান্তে হত্যার পরিসংখ্যান, মত প্রকাশের স্বাধীনতা ও সাংবাদিক নির্যাতন, সীমান্তে হত্যা এবং সংখ্যালঘুদের উপর আক্রমণের চিত্রও। তবে এই দুটি সংস্থার তথ্য ও উপাত্তে বেশ কিছু জায়গায় পার্থক্য রয়েছে । র‍্যাবের উপর মার্কিন নিষেধাজ্ঞার পর কিছুটা কমে এসেছে বন্দুকযুদ্ধ ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের ঘটনা।

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন – এমএসএফ বলছে ২০২২ সালে যেখানে মোট ২২টি বন্দুকযুদ্ধে ১৫ জন মারা যায়, সেখানে এ বছর ১৫টি বন্দুকযুদ্ধের ঘটনা ঘটেছে, যাতে মারা গিয়েছে ৭ জন। কিন্তু আইন ও সালিশ কেন্দ্র – আসকের হিসেবে ২০২২ সালে ১৯ জন নাগরিক বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছিল, বিপরীতে এ বছর বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন ২০ জন। তবে এই দুটি সংস্থার হিসেবেই বেড়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে মৃত্যুর ঘটনা। আসক বলছে ২০২২ সালে যেখানে কারা হেফাজতে মারা গিয়েছিলেন ৬৫ জন, সেখানে এ বছর তা বেড়ে দাঁড়িয়েছে ১০৫ জনে। এছাড়া পুলিশের হেফাজতে ১৩ জন, র‍্যাবের হেফাজতে ২ জন ও ডিবি (গোয়েন্দা) পুলিশের হেফাজতে ৩ জন নাগরিকের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে তারা। অন্যদিকে এমএসএফের হিসাবে, কারা হেফাজতে মৃত্যুর ঘটনা প্রায় দ্বিগুণ হয়ে গিয়েছে, ২০২২ সালে যেখানে কারা হেফাজতে মৃত্যুর ঘটনা ঘটে ৯৩টি, এক বছরের ব্যবধানে সেটি বেড়ে এখন ১৬২টি। এছাড়া ২০২২ সালের মতো ২০২৩ সালেও ১৭ জন পুলিশ হেফাজতে মারা গিয়েছেন বলে তাদের রিপোর্টে উঠে আসে। সম্প্রতি কারা হেফাজতে একের পর এক বিএনপি নেতার মৃত্যুর ঘটনা আলোচনায় উঠে এসেছে। বিএনপির অভিযোগ ২৮শে অক্টোবরের পর থেকে দলের অন্তত ৮ জন বিভিন্ন পর্যায়ের নেতার কারা হেফাজতে মৃত্যু ঘটেছে। বিএনপি এবং নিহতের পরিবারগুলো বলছে নির্যাতনের কারণেই মৃত্যু হয়েছে তাদের।

এসব মৃত্যুতে উদ্বেগ প্রকাশ করে তা খতিয়ে দেখার কথা জানিয়েছে মানবাধিকার কমিশনও। অবশ্য কারা কর্তৃপক্ষ জানিয়েছে যারা নিহত হয়েছেন তারা কারাগারে অসুস্থ হয়ে পড়ার পর তাদের যথাযথ চিকিৎসার জন্য হাসপাতালেও নেয়া হয়েছিলো। থেমে নেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরিচয়ে অপহরণ, গুম বা নিখোঁজ হওয়ার ঘটনা। বরং এমএসএফের হিসেবে ২০২৩ সালে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক অপহরণের অভিযোগ আগের বছরের তুলনায় তিনগুণ বেড়েছে। ২০২২ সালে যেখানে এরকম অপহরণ ও নিখোঁজের অভিযোগ ছিল ৩০টি, সেখানে এ বছর এরকম ৮৯টি ঘটনার তথ্য তারা পেয়েছে। এক্ষেত্রে গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ভিত্তিতে আসকের পরিসংখ্যান অনুযায়ী ২০২৩ সালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরিচয়ে অপহরণ, হুম ও নিখোঁজের শিকার হয়েছের নয় জন। যাদের মধ্যে পরবর্তী সময়ে ছয় জনকে গ্রেফতার দেখানো হয়েছে এবং ফিরে এসেছেন তিন জন। আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি দুটি সংস্থা থেকেই বেশ কিছু সুপারিশ এসেছে । যাতে বলা হয়েছে, ''রাষ্ট্রীয় বাহিনীর দ্বারা যে কোনো ধরনের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা যেমন- বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, গুমের অভিযোগ, হেফাজতে নির্যাতন ও মৃত্যু, আইন-শৃঙ্খলা বাহিনীর এখতিয়ার বহির্ভূত আচরণ ইত্যাদির অভিযোগ উঠলে তা দ্রুততার সাথে নিরপেক্ষভাবে তদন্ত করতে হবে এবং সম্পৃক্তদের যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করে শাস্তি প্রদান করতে হবে।''

তবে আইন ও সালিশ কেন্দ্র এটাও বলছে এ পর্যন্ত সংঘটিত সকল বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের অভিযোগ তদন্তে নিরপেক্ষ কমিশন গঠন করে ন্যায়বিচার নিশ্চিত করতে হবে। তারা তাদের পর্যবেক্ষণে তুলে ধরে, নিজ বাহিনীর সদস্যের বিরুদ্ধে অভিযোগ নিজ বাহিনী কর্তৃক তদন্ত করলে প্রকৃত সত্য কিংবা বিশ্বাসযোগ্য তথ্য উদঘাটন করা সম্ভব হবে না । অনেকটা একই রকম সুপারিশ মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনেরও। এছাড়া কারা হেফাজতে মৃত্যুর ঘটনা কমাতে, কারাগারসমূহের অভ্যন্তরে চিকিৎসা ব্যবস্থার উন্নয়নের পাশাপাশি যথাযথ তদন্ত করে তার পূর্ণ প্রতিবেদন প্রকাশ করে বিচারিক ব্যবস্থা নেওয়ার কথাও তাদের সুপারিশে উল্লেখ করা হয়েছে। দুটি সংস্থার পর্যবেক্ষণেই আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে নানান রকম উদ্বেগ ও সুপারিশ তুলে ধরা হয়েছে ।

আইন ও সালিশ কেন্দ্র তাদের সংবাদ সম্মেলনের শুরুতেই উল্লেখ করে, প্রধান বিরোধীদল বিএনপিসহ ১৪টি রাজনৈতিক দল এ নির্বাচন বর্জন করায় ইতিমধ্যে নির্বাচনের গ্রহণযোগ্যতা এবং অংশগ্রহণমূলকতা নিয়ে দেশে-বিদেশে নানা প্রশ্ন ও উৎকণ্ঠা সৃষ্টি হয়েছে। আসক বলছে এ বছরও বিরোধী দলের রাজনৈতিক কর্মসূচীতে প্রতিবন্ধকতা সৃষ্টি করা, গায়েবি মামলা, হামলা, গণগ্রেপ্তার, পরিবহন ধর্মঘট ও বিরোধী দলের নেতাকর্মীদের বাড়িতে গিয়ে ভয়ভীতি প্রদর্শনের ঘটনা ঘটেছে । গণমাধ্যম সূত্রে সংস্থাটি ২০২৩ সালে রাজনৈতিক সংঘাতে নিহতের তথ্য তুলে ধরে। যেখানে বলা হয় এ বছর রাজনৈতিক সহিংসতায় নিহত হয়েছে কমপক্ষে ৪৫ জন এবং আহত হয়েছে কমপক্ষে ৬৯৭৮ জন । আর এমএসএফ বলছে রাজনৈতিক সহিংসতায় ২০২৩ সালে মারা যায় ৪২ জন এবং আহত হয় প্রায় ৫ হাজার মানুষ । একই সময়ে নির্বাচনী সহিংসতার ঘটনা ঘটেছে ১৩৮টি, যাতে ১০ জন নিহত ও ৬৫৯ জন আহত হয়। যার বেশিরভাগই ঘটেছে আসন্ন নির্বাচন ঘিরে শুধুমাত্র ডিসেম্বর মাসে । তাদের সুপারিশ হল, "নির্বাচনী সহিংসতা শূন্যের কোটায় নামিয়ে আনার লক্ষ্যে গণতান্ত্রিক ব্যবস্থা ও ভোটাধিকার সুনিশ্চিত করতে নির্বাচন কমিশনকে সংবিধান অনুযায়ী স্বাধীন ও কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।"

আর আসক মনে করে রাজনীতি বা সংগঠন করার অধিকার এবং শান্তিপূর্ণভাবে প্রতিবাদ বা সভা-সমাবেশ আয়োজনের ক্ষেত্র ক্রমেই সংকুচিত হয়ে আসছে। একই সাথে কাঙ্খিত গণতান্ত্রিক ব্যবস্থা ও মানবাধিকার সুনিশ্চিত করতে নির্বাচন কমিশনকে স্বাধীন ও কার্যকর প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার তাগিদ তাদের মানবাধিকার সংস্থাগুলোর মতে নারী ও শিশুর প্রতি সহিংসতা ২০২৩ সালের আরেকটি উদ্বেগজনক বিষয়। বিশেষ করে ধর্ষণ, ধর্ষণ পরবর্তী হত্যা, যৌন হয়রানি, পারিবারিক নির্যাতনের নানা ঘটনাসহ শিশু হত্যা ও নির্যাতনের অনেক ঘটনাই ঘটেছে । আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পরিসংখ্যান অনুযায়ী ২০২৩ সালে সারাদেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন মোট ৫৭৩ জন নারী। এর মধ্যে ধর্ষণ পরবর্তী হত্যার শিকার হয়েছেন ৩৩ জন এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছেন পাঁচ জন। ধর্ষণের চেষ্টার শিকার হয়েছে আরো ১২৯ জন। এর মধ্যে ধর্ষণের চেষ্টার পর হত্যা করা হয় তিন জনকে, ধর্ষণের চেষ্টার কারণে আত্মহত্যা করে তিন জন । এছাড়া আসক বলছে ২০২৩ সালে ধর্ষণ ও নির্যাতনের কারণে নিহত হয় কমপক্ষে ৪৮৪ জন শিশু। আর বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয় কমপক্ষে ১০১২ জন শিশু । এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছে ৩১৪ জন শিশু, ধর্ষণ চেষ্টা ও যৌন হয়রানির শিকার হয়েছে ১১৮ জন শিশু এবং বলাৎকারের শিকার হয়েছে ৭৫ জন ছেলে শিশু । অন্যদিকে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের হিসেবে নারী ও শিশু মিলিয়ে ২০২৩ সালে মোট ধর্ষণের শিকার হয়েছে ৮৯৯ জন। এছাড়া ২০২৩ সালে ৩২ জন নারী গৃহকর্মী নির্যাতনের শিকার হয়েছে বলে জানা যায়। এর মধ্যে শারীরিক নির্যাতনের কারণে মারা যায় ৬ জন, এছাড়া রহস্যজনক মৃত্যু হয় ১ জনের। অন্যদিকে এ বছরে অ্যাসিড নিক্ষেপের শিকার হয়েছেন ১০ জন নারী । এসব অপরাধ ও মানবাধিকার লঙ্ঘন ঠেকানে সরকারকে আরও কার্যকর ভূমিকা নেয়ার সুপারিশ করেছে এমএসএফ।

আর আসকের সুপারিশ, নারীর সমানাধিকার নিশ্চিত করতে বিদ্যমান বৈষম্যমূলক আইনগুলোতে পরিবর্তন আনতে হবে। পাশাপাশি অনলাইনে নারীর প্রতি সহিংসতা ও যৌন হয়রানি রোধে তদন্ত সাপেক্ষে আইন অনুযায়ী দ্রুত পদক্ষেপ গ্রহন করতে হবে। আইন ও সালিশ কেন্দ্র তাদের পর্যবেক্ষণে বলেছে, সারা বছরের মানবাধিকার লঙ্ঘনের ক্ষেত্রে দেখা যায়, আগের বছরগুলোর মত এ বছরও নাগরিকের মত প্রকাশ এবং শান্তিপূর্ণভাবে সমবেত হবার ও প্রতিবাদ করার অধিকার বারবার লঙ্ঘিত হয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইনের অপব্যবহার অব্যাহত ছিল । তারা মনে করে গত ১৮ই সেপ্টেম্বর আইনটি রহিত করে সাইবার সিকিউরিটি আইন নামে যে আইনটি সংসদে পাশ হয়েছে সেখানেও নাগরিক সমাজ ও গণমাধ্যমকর্মীদের সুপারিশসমূহ প্রতিফলিত হয়নি। তবে এই আইনে ২০২৩ সালের তুলনায় ২০২২ সালে মামলা ও গ্রেফতারের সংখ্যা কমে এসেছে বলে জানায় মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন। তারা বলছে ২০২২ সালের ৮২ মামলায় ৭৭ জন গ্রেফতারের বিপরীতে ২০২৩ সালে মামলা ৬২ মামলায় গ্রেফতার হয় ৬৩ জন । তবে সাংবাদিকদের উপর নির্যাতনের মাত্রা বেড়েছে। বছরজুড়ে ৩১২ জন সাংবাদিক বিভিন্নভাবে নির্যাতন, হয়রানি, হুমকি ও পেশাগত কাজ করতে গিয়ে বাধার সম্মুখীন হয়েছেন। আগের বছর যে সংখ্যাটা ছিল ২৬৫ জন।

আসকের হিসেবে বছরজুড়ে পেশাগত দায়িত্ব পালনকালে হামলার শিকার হয়েছেন অন্তত ৭৮ জন সংবাদকর্মী। এছাড়াও সরকারী কর্মকর্তা-কর্মচারী কর্তৃক লাঞ্ছিত ও পেশাগত দায়িত্ব পালনের সময় বাধা প্রদানের শিকার হয়েছেন

২২ জন সাংবাদিক। এছাড়া তাদের পর্যবেক্ষণে বহুল আলোচিত সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেয়ার তারিখ ১০৪তম বারের মতো পেছানোর বিষয়টিও উল্লেখ করা হয়েছে ।

মানবাধিকার সংগঠনগুলো মনে করে ২০২৩ সালে শ্রমিক অধিকারেরও লঙ্ঘন ঘটেছে। চলতি বছরের নভেম্বরের শুরুতে মজুরি বাড়ানোর দাবিতে শ্রমিকদের চলমান আন্দোলনের মধ্যে মিরপুর, আশুলিয়া, চন্দ্রা, গাজীপুর ও অন্যান্য এলাকার অন্তত ৩০০টি পোশাক কারখানা তাদের কার্যক্রম বন্ধ করেছে। এরই মধ্যে শ্রমিক আন্দোলন জোরদার হলে আইনশৃঙ্খলারক্ষাকারী বাহিনী ও আন্দোলনরত শ্রমিকদের মধ্যে সংঘর্ষ হলে আইশৃঙ্খলারক্ষাকারী বাহিনীর গুলিতে ৩ জন শ্রমিক নিহত হয় । আসক মনে করে মজুরি বাড়ানোর দাবিতে শ্রমিকদের আন্দোলন করার ন্যায্য অধিকার রয়েছে; কিন্তু সেই আন্দোলনে গুলিবর্ষণ করে শ্রমিক মেরে ফেলা সম্পূর্ণভাবেই শ্রমিক অধিকারের লঙ্ঘন । এমএসএফ বলছে এ বছর মারা যায় মোট ৪ জন পোশাক শ্রমিক, এছাড়া আহত হয় ১০৫ জন। তারা পোশাক শ্রমিকদের বিরুদ্ধে মামলার তথ্যও তুলে ধরেছে। বলা হয় মোট ৪১ মামলায় আসামী করা হয় ১৬৫০০ জনকে, আর গ্রেফতার করা হয় ১২১ জনকে। তাদের সুপারিশ, বিক্ষোভকারীদের দমনে ও সহিংস কর্মকাণ্ড নিয়ন্ত্রণে অতিরিক্ত বলপ্রয়োগ না করে দায়িত্বশীল ও সংবেদনশীল ভূমিকা পালন করে হতাহতের ঘটনা কমিয়ে আনার ব্যবস্থা গ্রহণে আইনশৃঙ্খলা বাহিনীর সচেষ্ট থাকা উচিত।

দুটি মানবাধিকার সংস্থার পর্যবেক্ষণেই সীমান্ত পরিস্থিতি উঠে এসেছে। যেখানে ২০২২ সাল থেকে ২০২৩ সালে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী কর্তৃক হত্যা ও নির্যাতনের ঘটনা বেড়েছে। মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন বলছে ২০২২ সালে সীমান্তে ১৭ জন নিহত হলেও এ বছর তা বেড়ে দাঁড়িয়েছে ২৭ জনে। আহতের সংখ্যা দ্বিগুণ হয়েছে, ২০২২ সালে ১৬ জন আহত হলেও এ বছর তা ৩২ জনে ঠেকেছে। আর আইন ও সালিশ কেন্দ্রের হিসেবে ২০২৩ সালে ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ কর্তৃক ৩০ জন বাংলাদেশি নিহত হয়েছেন, মারাত্মক নির্যাতনের শিকার হয়েছেন ৩১ জন। (বিবিসি ওয়েব পেজ : ৩১.১২.২৩ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশ নির্বাচন; ওবায়দুল কাদের বললেন ‟বিরোধিতার জবাব দিতে ভোটকেন্দ্রে আসবেন,

নির্বাচন বিরোধী তৎপরতার জবাব দিতে ৭ জানুয়ারি দলে দলে ভোটকেন্দ্রে আসতে ভোটারদের প্রতি আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। রবিবার (৩১ ডিসেম্বর) দুপুরে নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চাপরাশিরহাটে এক পথসভায় তিনি এ আহ্বান জানান। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে নোয়াখালী-৫ (কোম্পানীগঞ্জ ও কবিরহাট উপজেলা) আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন ওবায়দুল কাদের। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, তাদের দল অস্ত্রবাজি, গোলাবাজিতে বিশ্বাস করে না। তিনি বলেন, ”আওয়ামী লীগের অস্ত্র হলো জনগণ।„ ওবায়দুল কাদের আশা প্রকাশ করেন, ৭ জানুয়ারির নির্বাচনে তাদের দল বিজয়ী হবে। তিনি বলেন, ”বিদেশিরা নির্বাচন নিয়ে পরামর্শ দিলে আমরা শুনবো। কিন্তু, বিএনপির সুরে উসকানি দিলে মেনে নেবো না।„ বাধা দিয়ে নির্বাচন ঠেকানোর ক্ষমতা কারো নেই বলে উল্লেখ করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

এদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান শুক্রবার (২৯ ডিসেম্বর) অভিযোগ করেছেন যে ক্ষমতা হারানোর ভয়ে আওয়ামী লীগ সরকার সুষ্ঠু নির্বাচন করতে চায় না। জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) দ্বি-বার্ষিক কাউন্সিলের উদ্বোধনী অনুষ্ঠানে এ অভিযোগ করেন তিনি। মঈন খান বলেন, ”বাংলাদেশে এখন সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হলে আওয়ামী লীগ পরাজিত হবে। তাই তারা ভয় পাচ্ছে; তারা একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের আয়োজন করছে না।„ ”ক্ষমতাসীন আওয়ামী লীগ জনগণের শক্তিতে বিশ্বাস করলে সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠানে ভয় পেতো না;„ যোগ করেন এই বিএনপি নেতা। তিনি বলেন, ”এবার সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করলে দেখবেন আগামী সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনে বাংলাদেশের জনগণ আবার আনন্দের সঙ্গে আপনাদের ভোট দেবে।„ বাংলাদেশের জনগণের চরিত্র ও মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্য বুঝে রাজনীতি করার জন্য ক্ষমতাসীনদের প্রতি আহ্বান জানান মঈন খান। তিনি মনে করেন, সংকট নিরসনে, রাজনৈতিক দলগুলোর সঙ্গে রাজনৈতিক সংলাপ করার এবং বিশ্বাসযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের পথ খুঁজে বের করার এখনো সময় আছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান বলেন, ”আপনারা সরকারে আছেন বলে আমি আপনাদের অনুরোধ করছি। এই বিষয়ে মূল সিদ্ধান্ত নেয়া আপনাদের দায়িত্ব।„(ভোয়া ওয়েব পেজ : ৩১.১২.২০২৩ সোনিয়া)

### বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের জামিন শুনানি ৯ জানুয়ারি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন শুনানি অনুষ্ঠিত হবে ৯ জানুয়ারি। ঢাকার রমনা মডেল থানা ও পল্টন থানায় দায়ের করা ৯ মামলার জামিন আবেদনের ওপর এই শুনানি অনুষ্ঠিত হওয়ার কথা। রবিবার (৩১ ডিসেম্বর) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রেজাউল করিম চৌধুরী শুনানির এ তারিখ ধার্য করেন। মির্জা ফখরুলের আইনজীবী সৈয়দ জয়নুল আবেদীন মেজবাহ এ তথ্য নিশ্চিত করেছেন। গত ২৮

অক্টোবর বিএনপির মহাসমাবেশ কেন্দ্র করে মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১টি মামলা দায়ের করা হয়। এর মধ্যে পল্টন থানায় আটটি এবং রমনা মডেল থানায় তিনটি মামলা হয়।

প্রধান বিচারপতির বাসভবনে হামলার অভিযোগে দায়ের করা মামলায় গত ২৯ অক্টোবর গ্রেফতার দেখিয়ে আদালতে হাজির করা হয় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে। এরপর মামলার তদন্তকারী কর্মকর্তা তাকে এ মামলায় কারাগারে আটক রাখার আবেদন করেন। আর মির্জা ফখরুলের আইনজীবীগণ জামিন আবেদন করেন। শুনানি শেষে, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শফি উদ্দিনের আদালত জামিন নামঞ্জুর করে মির্জা ফখরুলকে কারাগারে পাঠানোর আদেশ দেন। গত ১৮ ডিসেম্বর, পল্টন মডেল থানায় দায়ের করা মামলায় গ্রেফকার দেখানোর পর এই মামলায়ও মির্জা ফখরুলের জামিন নামঞ্জুর করেন আদালত। পরে বিএনপি মহাসচিবকে কারাগারে পাঠানোর আদেশ দেয়া হয়। বর্তমানে তিনি কারাগারে রয়েছেন। (ভোয়া ওয়েব পেজ : ৩১.১২.২০২৩ সোনিয়া)

## বাংলাদেশ নির্বাচন; স্বরাষ্ট্রমন্ত্রী জানালেন `ভোটগ্রহণের দিন নাশকতার তথ্য নেই,

বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণের দিন ঘিরে নাশকতার কোনো তথ্য নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। রবিবার (৩১ ডিসেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের একথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তবে যে কোনো গুপ্তহত্যা রোধে গোয়েন্দা বাহিনী সতর্ক রয়েছে বলে জানান তিনি। বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”বিএনপি সব সময় নাশকতা করে আসছে। আমাদের নিরাপত্তা বাহিনী সেই বিষয়ে সজাগ রয়েছে, গোয়েন্দা বাহিনীও কাজ করছে।„ আসাদুজ্জামান খান কামাল উল্লেখ করেন যে, গোয়েন্দা সংস্থাগুলো যথাযথভাবে কাজ করছে বলেই কোনো সহিংসতা তেমন প্রভাব ফেলতে পারেনি।„ নাশকতার বিষয়ে গোয়েন্দা সংস্থাগুলোর পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো সতর্কতা নেই বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। বলেন, ”আমাদের কাছে এখন পর্যন্ত তেমন তথ্য আসেনি।„

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান আরো জানান, গোয়েন্দা বাহিনী যে তথ্য দিচ্ছে, সেগুলো নিয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কাজ করছে।„ ”নির্বাচন যাতে না হয়, নির্বাচনে যাতে কেউ অংশগ্রহণ না করে- এমন ধরনের প্রচারণা শুরু করেছে বিএনপি; উল্লেখ করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান। তিনি বলেন, ”কিন্তু জনগণ মনোযোগ দিচ্ছে না। জনগণ মনে করছে, এমন প্রচারণা অযৌক্তিক।„ ভোটের হার কেমন হবে? জানতে চাইলে তিনি বলেন, ”অবশ্যই ভালো টার্ন আউট হবে। জাপান এবং অন্যান্য উন্নত দেশের টার্ন আউট কেমন তা দেখুন, এর চেয়ে ভালো হবে।„

(ভোয়া ওয়েব পেজ : ৩১.১২.২০২৩ সোনিয়া)

## `আন্তর্জাতিক মান অর্জনের জন্য পাঠ্যসূচি পরিবর্তন করা হয়েছে, : শেখ হাসিনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন যে, বাংলাদেশে আন্তর্জাতিক মানের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে চায় বলেই সরকার পাঠ্যসূচিতে পরিবর্তন করেছে। রবিবার (৩১ ডিসেম্বর) সকালে প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন শেখ হাসিনা। বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, ”আমরা চাই আমাদের দেশ বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাক। এ কারণেই ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্যসূচিতে পরিবর্তন আনা হচ্ছে।„ শেখ হাসিনা জানান যে, তিনি শিক্ষা ব্যয়কে বিনিয়োগ হিসেবে বিবেচনা করেন। বলেন, ”শিক্ষার জন্য যা প্রয়োজন আমরা তা দেবো।„ ”আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়গুলো যেভাবে শিক্ষা দেয় এবং যে ধরনের পাঠ্যক্রম ও পদ্ধতি অনুসরণ করে, বাংলাদেশে তেমন আন্তর্জাতিক মানের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে চাই;„ বলেন শেখ হাসিনা। তিনি দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য বাস্তব জ্ঞানভিত্তিক ব্যবহারিক শিক্ষার ওপর গুরুত্বারোপ করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন যে, তিনি সব সময় আধুনিক জ্ঞানভিত্তিক শিক্ষার মাধ্যমে একটি জাতি গড়ে তুলতে চেয়েছেন। এ কারণে সরকার কারিগরি শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণে গুরুত্ব দিচ্ছে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ”আমরা আধুনিক প্রযুক্তি-জ্ঞানভিত্তিক শিক্ষার মাধ্যমে একটি জাতি গড়ে তুলতে চাই। আমরা এরই মধ্যে এজন্য অনেক কিছু করেছি।„ নিজেদের যথাযথ জ্ঞানে সমৃদ্ধ করতে মনোযোগসহ পড়াশোনা করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন, ”আমরা বহুমুখী শিক্ষার মাধ্যমে জাতি গড়তে চাই। স্মার্ট বাংলাদেশ গড়তে হলে আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন স্মার্ট ও দক্ষ জনগোষ্ঠী।„ দারিদ্র্য বিমোচনে শিক্ষার ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। তিনি আরো বলেন, ”আমরা বাংলাদেশকে দারিদ্র্যমুক্ত দেশ হিসেবে গড়ে তুলতে চাই।„ শেখ হাসিনা আরো বলেন, একমাত্র শিক্ষাই পারে দেশকে দারিদ্র্যমুক্ত করতে। এজন্য শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছে। শেখ হাসিনা ২০২৪ সালের প্রাক্কালে সবাইকে নববর্ষের শুভেচ্ছা জানান।

এদিকে, শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের মাধ্যমে ২০২৪ শিক্ষাবর্ষে মাধ্যমিক পর্যায় পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলো সারা দেশে ৩ কোটি ৮১ লাখ ২৮ হাজার ৩২৪ জন শিক্ষার্থীর মধ্যে ৩০ কোটি ৭০ লাখ ৮৩ হাজার ৫১৭ কপি নতুন পাঠ্যপুস্তক বিতরণের পদক্ষেপ গ্রহণ করেছে। পাঠ্যপুস্তকগুলো ইতোমধ্যেই উপজেলা পর্যন্ত পাঠানো হয়েছে।

গত ২০১০ সাল থেকে এ পর্যন্ত সারাদেশে মাধ্যমিক স্তর পর্যন্ত বিনামূল্যে ৪৬৪ কোটি ৭৮ লাখ ২৯ হাজার ৮৮৩টি পাঠ্যপুস্তক বিতরণ করেছে। এছাড়া, ২০১৭ সাল থেকে বাংলাদেশ সরকার দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে ব্রেইল বই বিতরণ করছে। পাশাপাশি, চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও সাদ্রি সংস্করণের বই বিতরণ করে আসছে।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.১২.২০২৩ সোনিয়া)

## বিএনপির যুগ্ম মহাসচিব আলালসহ ৮ জনের কারাদণ্ড

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির যুগ্ম মহাসচিব মোয়াজ্জেম হোসেন আলাল ও যুবদলের সাবেক সভাপতি সাইফুল ইসলাম নিরবসহ আটজনকে তিন বছর করে কারাদণ্ড দিয়েছেন ঢাকার একটি আদালত। গত ২০১৩ সালে দায়ের করা একটি অগ্নিসংযোগের মামলায় তাদের এই দণ্ড দেয়া হয়। রবিবার (৩১ ডিসেম্বর) ঢাকার মহানগর হাকিম মো. জসিম এই দণ্ডাদেশ দেন। দণ্ডবিধি ১৪৭ ধারায় এক বছর ও ৪৩৫ ধারায় দুই বছর করে কারাদণ্ডের আদেশ দেয়া হয়। কারাদণ্ডের পাশাপাশি তাদের ১০ হাজার টাকা জরিমানার আদেশ দেন আদালত। জরিমানা অনাদায়ে দুই মাসের কারাভোগ করতে হবে তাদের। আলালের আইনজীবী মোসলেহ উদ্দিন জসিম এ তথ্য নিশ্চিত করেছেন।
কারা দণ্ডপ্রাপ্ত অন্য ব্যক্তিরা হলেন; ছাত্রদলের সাবেক সভাপতি আব্দুল কাদের ভুঁইয়া জুয়েল, জামায়াতের ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ, বিএনপির হারুন অর রশিদ, ওবায়দুল হক, শহীদুল ইসলাম হীরা ও ইব্রাহীম হোসেন। মামলার অভিযোগ থেকে জানা যায়, ২০১৩ সালের ১ ডিসেম্বর রাজধানী ঢাকার ধানমন্ডি থানা এলাকার সাত মসজিদ রোডে দণ্ডিত ব্যক্তিরা একটি যাত্রীবাহী বাসে অগ্নিসংযোগ করেন। এ ঘটনায় ধানমন্ডি থানার উপ-পরিদর্শক (এসআই) আব্দুল্লাহ আল মামুন ফরাজী বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। পরে ২০১৪ সালের ১৫ ডিসেম্বর বিএনপির যুগ্ম মহাসচিব মোয়াজ্জেম হোসেন আলালসহ আটজনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করে পুলিশ। মামলার বিচার চলাকালে ১৭ জন সাক্ষীর মধ্যে ৬ জনের সাক্ষ্য নেন আদালত।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.১২.২০২৩ সোনিয়া)

# রেডিও তেহরান

## লুটেরাদের একক নির্বাচন বর্জন করতে জনগণের প্রতি আহ্বান রিজভীর

বাংলাদেশে বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী তাঁর ভাষায় ডামি নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলন সফল করতে সবাইকে মাঠে নামার আহ্বান জানিয়েছেন। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা :
সকল দলের অংশগ্রহণ ছাড়া একতরফার নির্বাচন বর্জন করার আহ্বান জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, সরকারের একতরফা নির্বাচনের বিরুদ্ধে ও লুটেরাদের বিরুদ্ধে জনগণকে অবস্থান নিতে হবে। আজ রোববার রাজধানীর মালিবাগ কাঁচাবাজারে লিফলেট বিতরণ ও গণসংযোগ শেষে তিনি এ আহ্বান জানান। রিজভী বলেন, `ডামি নির্বাচন` বর্জন ও অসহযোগ আন্দোলন সফল করতে সবাইকে মাঠে নামতে হবে। তিনি আরো বলেছেন, দেশের মানুষের সম্পদ লুট করে আওয়ামী লীগের নেতারা দেশে-বিদেশে টাকা পাচার করেছে। জনগণের সম্পদ লুট করে আজকে তারা নিজেদের সম্পদশালী করেছে। বেহেশত বানিয়েছে। তাই এ বেহেশত তারা হাতছাড়া করতে চায় না। সেজন্য নিজেরা নিজেরা নির্বাচনের আয়োজন করছে ক্ষমতাসীন সরকার। সুতরাং একতরফা ভোট বর্জন করে খুনি ও লুটেরাদের বিরুদ্ধে অবস্থান নিতে জনগণকে আহ্বান জানিয়েছেন রিজভী। তিনি বলেছেন, এ নির্বাচন হচ্ছে ডামি আর আমের নির্বাচন। নিজেদের নিজেদের নির্বাচন এবং একক নির্বাচন। এটি জনগণের নির্বাচন নয়। এটি ভোটারদের নির্বাচন নয়। তিনি বলেছেন, এই ভোটে ভোটাররা অংশ নিতে পারবে না। কেনো এই নির্বাচন আওয়ামী লীগ করছে? কারণ তারা যে লুট করেছে, নিজেদের সম্পদ যে করায়ত্ব করেছে, সেইসব সম্পদ এবং বিত্ত-বৈভবের মালিক হিসেবে নিজেদেরকে বজায় রাখার জন্য এই একক নির্বাচনের আয়োজন করেছে বলে অভিযোগ করেছেন রুহুল কবির রিজভী। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ৩১.১২.২০২৩, বাদশা রহমান, সোনিয়া)

## পোস্টাল ব্যালট নয়, ই-ভোটিং চালু হলে ভোটের সুযোগ পাবেন প্রবাসীরা

বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে প্রবাসীদের সমস্যা সমাধানে সরকারের করণীয় নিয়ে ধারাবাহিক প্রতিবেদন তৈরি করেছেন আমাদের বিশেষ প্রতিনিধি :
বাংলাদেশের সংবিধানে সব নাগরিকের ভোটের অধিকারের কথা বলা হলেও স্বাধীনতার দীর্ঘ ৫২ বছরেও দেড় কোটি প্রবাসী বাংলাদেশির মৌলিক এই অধিকার প্রতিষ্ঠিত হয়নি। বিশ্বের অধিকাংশ দেশ নিজ দেশের প্রবাসীদের জাতীয় পরিচয়পত্র দেয়। কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে সেটি এখনো নিশ্চিত করতে না পারায় দেশে ও প্রবাসে অন্তহীন ভোগান্তির শিকার হচ্ছেন প্রবাসীরা।
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী, দেশে ১১ কোটি ৯৬ লাখ ৯১ হাজার ৬৩৩ জন নাগরিক ভোটার। তার মধ্যে প্রায় দেড় কোটির মতো কর্মসূত্রে প্রবাসী, যা মোট ভোটারের প্রায় ১৫ শতাংশ। এমন

অবস্থায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা পেয়ে সব শেষ ২০১৯ সালের নূরুল হুদা কমিশন প্রবাসীদের ভোটার করার উদ্যোগটি হাতে নেয়। কিন্তু গেল তিন বছরেও তেমন কোনো অগ্রগতি হয়নি। যদিও গেল ১৫ নভেম্বর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তপসিল ঘোষণার পরে প্রবাসী বাংলাদেশিদের পোস্টাল ব্যালটে ভোটগ্রহণের বিষয়ে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এই বিজ্ঞপ্তিকে 'কাগুজে উদ্যোগ' বলে মন্তব্য করেছেন রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি,র সাবেক সাধারণ সম্পাদক কাজী জেবেল।

এমন পরিস্থিতিতে ভোট দেয়ার সুযোগ বঞ্চিত হওয়ায় যুক্তরাজ্য থেকে ক্ষোভ প্রকাশ করেছেন প্রবাসী বাংলাদেশি ভোটার আন্দোলনের আহ্বায়ক কে এম আবু তাহের চৌধুরী। ইতালি প্রবাসী শাহাদাত হোসাইন বলেছেন, 'কাগুজে প্রচারণা' করলে কখনো ভোটাধিকারের সুযোগ পাবেন না প্রবাসীরা।

তবে নির্বাচন বিশ্লেষক ও পর্যবেক্ষণ সংস্থা ব্রতী'র প্রধান নির্বাহী শারমিন মুরশিদ বলেছেন, ভোটাধিকার আদায়ে পোস্টাল ব্যালট সত্যিকারের চালু করতে প্রবাসীদের সরকারের ওপর আরো বেশি চাপ প্রয়োগ করতে হবে। আর সৌদি আরব প্রবাসী, জেদ্দায় ওআইসি,র প্রশাসনিক কর্মকর্তা মিছবাহ উদ্দিন আহমেদ বলেছেন, প্রযুক্তির উন্নয়ন হয়েছে এখন অনেক, তাই ই-ভোটিং চালুর সময় এসেছে। এই প্রক্রিয়ার মাধ্যমে প্রবাসীদের ভোটাধিকারের সমস্যা দ্রুত সমাধান করা যেতে পারে। একই মন্তব্য কাতার প্রবাসী ব্যবসায়ী নেতা শাহ আলম খানের। কানাডার টরেন্টো থেকে কানাডা বাংলাদেশ চেম্বার অব কমার্স এর প্রেসিডেন্ট পারভেজ আহমেদ মহিদ বলেছেন, উন্নত বিশ্বে অনলাইন ভোটিং এখন খুব জনপ্রিয়। সময় অর্থ যেভাবে বাঁচে, একই সাথে এই প্রক্রিয়া করতে পারলে ভোটের কারচুপিও কমে আসে বলে মনে করেন তিনি। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ৩১.১২.২০২৩, বাদশা রহমান, সোনিয়া)

## এনএইচকে

### আফগানিস্তানের মানবিক পরিস্থিতি নিয়ে প্রস্তাব গ্রহণ জাতিসংঘ নিরাপত্তা পরিষদের

আফগানিস্তানের মানবিক পরিস্থিতির উন্নতি এবং সেখানকার নারী অধিকার সংক্রান্ত সমস্যা সমাধানের লক্ষ্যে একটি প্রস্তাব গ্রহণ করেছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। শুক্রবার সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত প্রস্তাবটি জাপান ও সংযুক্ত আরব আমিরাত যৌথভাবে প্রণয়ন করে। এতে নারী অধিকার, নিরাপত্তা, সন্ত্রাস ও মাদকসহ আফগানিস্তানের বিভিন্ন সমস্যা ব্যাপকভাবে সমাধানের প্রয়োজনীয়তার ওপর জোর দেয়া হয়েছে।

প্রস্তাবটিতে, জাতিসংঘের সদস্য রাষ্ট্র এবং সংশ্লিষ্ট অন্যান্য পক্ষগুলোকে আফগানিস্তানের সঙ্গে তাদের সম্পৃক্ততা বাড়ানোর জন্য উৎসাহিত করা হয়েছে, যাতে দেশটি আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে পুরোপুরিভাবে পুনঃসমন্বিত হতে পারার পাশাপাশি নিজেদের আন্তর্জাতিক বাধ্যবাধকতা পূরণ করতে পারে। এর পাশাপাশি প্রস্তাবটিতে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের প্রতি এই প্রচেষ্টা সমন্বয়ের লক্ষ্যে আফগানিস্তানের জন্য একজন বিশেষ দূত নিয়োগেরও অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, ২০২১ সালের আগস্ট মাসে তালিবান পুনরায় ক্ষমতায় আসার প্রেক্ষাপটে আন্তর্জাতিক সাহায্য স্থগিত হওয়ার পর থেকে আফগানিস্তানে মানবিক পরিস্থিতির অবনতি হয়ে চলেছে। তালিবানরা ইসলামিক আইনের তাদের নিজস্ব ব্যাখ্যা অনুযায়ী দেশ চালিয়ে আসছে, যার ফলে নারী ও বালিকাদের শিক্ষা ও কাজের অধিকার সীমিত হয়ে পড়েছে। এই প্রস্তাব তালিবান এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে আলোচনার জন্য একত্রিত করার পাশাপাশি একটি সমাধানের দিকে এগিয়ে নিতে সাহায্য করবে কিনা, সেদিকেই এখন সংশ্লিষ্টদের দৃষ্টি নিবদ্ধ রয়েছে।

(এনএইচকে ওয়েব পেজ : ৩১.১২.২০২৩ সোনিয়া)

## ডয়চে ভেলে

### ভারতী ঘোষের কাছ থেকে উদ্ধার টাকা বন্যায় নষ্ট

নতুন রেকর্ড পশ্চিমবঙ্গে। ভারতী ঘোষ-সহ পুলিশ অফিসারদের বাড়ি থেকে উদ্ধার করা দুই কোটি টাকা বন্যায় নষ্ট হয়ে গেছে। উদ্ধার করা টাকা রাখা ছিল ঘাটাল মহকুমা অফিসের ট্রেজারিতে। আনন্দবাজারের রিপোর্ট বলছে, এই টাকা বন্যার জলে নষ্ট হয়ে গেছে। ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট বা সিআইডি বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে। ভারতী ঘোষ একসময় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ ছিলেন। তিনি মমতাকে 'মা' বলেও ডেকেছিলেন। তিনি মুকুল রায়েরও খুব ঘনিষ্ঠ ছিলেন। মুকুল রায় বিজেপি থেকে তৃণমূলে যোগ দেয়ার পর ২০১৭ সালে ভারতী ঘোষ স্বেচ্ছাবসর নিয়ে নেন। তার আগে অবশ্য তাকে পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপারের পদ থেকে সরিয়ে রাজ্য সশস্ত্র পুলিশের থার্ড ব্যাটেলিয়নের কমান্ডান্ট করা হয়েছিল। দ্য প্রিন্টের রিপোর্ট বলছে, ২০১৮ সালের পর ভারতী ঘোষের বিরুদ্ধে ১৯টি অভিযোগ দায়ের করা হয়। এর মধ্যে হত্যার চেষ্টা, সরকারি তথ্য ফাঁস, দাঙ্গা, আয়ের তুলনায় বেশি সম্পত্তির অভিযোগ করা হয়েছিল। সেনা প্রতারণা মামলায় তার নাম জড়ায়। তখনই ভারতী ঘোষ ও তার ঘনিষ্ঠ পুলিশ অফিসারদের কাছ থেকে দুই কোটি টাকা উদ্ধার করা হয়েছিল বলে পুলিশ জানায়। ২০১৯ সালে রাজ্য বিজেপি ভারতী ঘোষকে তাদের মুখপাত্র করে। পুলিশ সূত্র দাবি করেছে, নোটবন্দির সময় পাঁচশ ও হাজার টাকার নোট দিয়ে

ভারতীরা সোনা কিনেছিলেন। বাকি কিছু নোট থেকে গিয়েছিল। সেই নোটই উদ্ধার করা হয়েছিল এবং ট্রেজারিতে রাখা হয়েছিল। এখন বনয়ায় সেই টাকা নষ্ট হয়ে য়াওয়ার পর ট্রেজারিতে রাখা অন্যদের কাছ থেকে বাজেয়াপ্ত হওয়া টাকা মেদিনীপুর আদালতে রাখা হচ্ছে।

ঘাটাল এমনিতে বনয়াপ্রবণ জায়গা। প্রায় প্রতিবছরই বন্যা হয়। কিন্তু ট্রেজারিতে জল ঢুকে টাকা নষ্ট হওয়াটা রীতিমতো গুরুতর বিষয়। এই ট্রেজারি হলো মহতুমা শাসকের অফিস চত্বরে। দাবি করা হচ্ছে, ২০২১ সালে বন্যার জল ট্রেজারির দেওয়াল ভেঙে ভিতরে ঢুকে পড়েছিল। তখনই টাকা নষ্ট হয়। ঘাটাল বার অ্যাসোসিয়েশনের সভাপতি সুজিত হাজরা আনন্দবাজারকে বলেছেন, বন্যার জলে টাকা নষ্ট হলে তখন কী ব্যবস্থা নেয়া হয়েছিল, তা তদন্তের পর বোঝা যাবে। কেউ দায় এড়াতে পারবে না । প্রবীণ সাংবাদিক আশিস গুপ্ত ডিডাব্লিউকে জানিয়েছেন, ''প্রশাসন কতটা দায়িত্বজ্ঞানহীন হলে এরকম ঘটনা ঘটতে পারে, সেটা ভেবে দেখা দরকার। ২০২১ সালের বনয়ায় টাকা নষ্ট হলে এখন তা নিয়ে তদন্ত হয় কী করে? সঙ্গে সঙ্গে কেন হলো না?'' তার প্রশ্ন, ''বন্যার জল ঢুকছে দেখেও কেন ব্যবস্থা নেয়া হয়নি? ট্রেজারিতে তো খুবই গুরুত্বপূর্ণ নথিপত্র থাকে। সেখানে এই টুকু সতর্কতা থাকবে না? তদন্তের পর এই প্রশ্নের জবাব পাওয়া দরকার। এটাও জানা দরকার সেই নষ্ট টাকার কি কোনো চিহ্নই নেই?''(ডয়চে ভেলে ওয়েব পেজ : ৩১.১২.২৩ রিহাব)

## রেডিও টুডে

### নির্বাচনের দিন নাশকতার কোন তথ্য নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন ঘিরে নাশকতার কোনো তথ্য নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তবে গুপ্ত হত্যা রোধে গোয়েন্দা বাহিনী সতর্ক রয়েছে বলে জানিয়েছেন তিনি। রোববার সচিবালয়ে সাংবাদিকের সঙ্গে আলাপকালে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। ( রেডিও টুডে :১৮৪৫ ঘ. ৩১.১২.২০২৩ আসাদ)

### সরকার নিজেরাই লাশ ফেলে আন্দোলনকারীদের উপর দায় চাপাবে : জুনায়েদ সাকি

গণতন্ত্র মঞ্চের নেতা ও গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জুনায়েদ সাকি বলেছেন, ওবায়দুল কাদের যা বলেন তা তিনি করেন। ২৮ অক্টোবর তারা পরিকল্পিত সহিংসতা ঘটিয়ে বিএনপির উপর দায় চাপিয়েছে। তারা এবারও লাশ ফেলে অন্যের উপর দায় চাপাবে। এজন্য আন্দোলনকারীদের সতর্ক থাকতে বলেছেন গণতন্ত্র মঞ্চের এই নেতা। রোববার জাতীয় প্রেসক্লাবের সামনে গণসংযোগ কর্মসূচির আগে এক সমাবেশে এসব কথা বলেন থাকি। এ সময় তিনি আরো বলেন সিইসি কাজী হাবিবুল আউয়াল ওবায়দুল কাদেরের ভাষায় কথা বলছেন তার রাজনৈতিক চেহারা পরিষ্কার হয়ে গেছে। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ৩১.১২.২০২৩ আসাদ )

### আলালসহ বিএনপি'র ৮ নেতাকর্মীর তিন বছর করে কারাদণ্ড দিয়েছেন আদালত

বিএনপি'র যুগ্ম মহাসচিব সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলালসহ ৮ জনকে তিন বছর করে কারাদণ্ড দিয়েছেন আদালত। ১০ বছর আগে যাত্রীবাহী বাসে আগুন দেওয়ার ঘটনায় করা মামলায় তাদের এই সাজা দেয়া হয়েছে। ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোঃ জসিম রোববার এই রায় দেন। দণ্ডপ্রাপ্ত অন্য আসামীদের মধ্যে যুবদলের সাবেক সভাপতি সাইফুল আলম নিরব ও ছাত্রদলের সাবেক সভাপতি আব্দুল কাদের ভূঁইয়া জুয়েল রয়েছেন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ৩১.১২.২০২৩ আসাদ )

### সরকার ও পুলিশ সহিংসতা করে বিএনপির উপর দায় চাপাচ্ছে: রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন সহিংসতা করে বিএনপির উপর দায় চাপাচ্ছে সরকার ও পুলিশ। আজ এক অনলাইন ব্রিফিংয়ে এই অভিযোগ করেন রুহুল কবির রিজভী। অন্যদিকে সকালে রাজধানীর মালিবাগ কাঁচা বাজার এলাকায় লিফলেট বিতরণ কালে রুহুল কবির রিজভী বলেন ৭ জানুয়ারির নির্বাচন জনগণের বা ভোটারদের নির্বাচন নয়। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ৩১.১২.২০২৩ আসাদ )

### রিজভীকে শীঘ্রই আইনের আওতায় আনা হবে : ডিবি প্রধান

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীকে খোঁজা হচ্ছে। তাকে শীঘ্রই আইনের আওতায় আনা হবে বলে জানিয়েছেন ডিবি প্রধান হারুন অর রশিদ। রোববার মিন্টো রোডে নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ডিবি প্রধান বলেন একজন অসুস্থ মানুষ একটু পর পর আন্দোলনের ঘোষণা করেন। যদি তিনি সত্যিই অসুস্থ থাকেন তাহলে আদালতে গিয়ে হাজিরা দিতে পারেন।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ৩১.১২.২০২৩ আসাদ )

## আমাদের আন্দোলন অবশ্যই সফল হবে : নূর

গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বলেছেন তাদের আন্দোলনে আন্তর্জাতিক বন্ধুরা পাশে আছেন এবং আন্দোলন অবশ্যই সফল হবে। রোববার জাতীয় প্রেসক্লাবের সামনে এক পথসভা কর্মসূচিতে তিনি এ কথা বলেন। নূর বলেন স্বৈরশাসকেরা পৃথিবীর কোথাও টিকেনি, এ সরকারও টিকবে না। সরকারকে একতরফা নির্বাচন করতে দেয়া হবে না। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ৩১.১২.২০২৩ আসাদ )

## পাঁচ নির্বাচনি আসনে প্রতিদ্বন্দ্বিতা করা থেকে সরে দাঁড়ালো জাতীয় পার্টির প্রার্থীরা

পাঁচ নির্বাচনি আসনে প্রতিদ্বন্দ্বিতা করা থেকে সরে দাঁড়ালো জাতীয় পার্টির প্রার্থীরা। এর মধ্যে গাজীপুরের দুটি আসন বরিশালে দুটি এবং বরগুনার একটি আসনে লাঙ্গলের প্রার্থীরা আনুষ্ঠানিকভাবে ভোটের মাঠ থেকে সরে যাওয়ার ঘোষণা দিয়েছেন। নির্বাচন কমিশনের একপেশে আচরণ ক্ষমতাসীনদের পেশী শক্তির ব্যবহার এবং নির্বাচনের সুষ্ঠু পরিবেশ না থাকার অভিযোগ এনে বরিশাল-২ ও বরিশাল-৫ আসনের লাঙ্গলের প্রার্থী ও জাতীয় পার্টির চেয়ারম্যানের উপদেষ্টা ইকবাল হোসেন তাপস ভোট থেকে সরে দাঁড়িয়েছেন। তিনি বলেছেন নির্বাচন কমিশন সরকারের পক্ষপাতদুষ্ট। এটি ভাগাভাগি ও প্রহসনের নির্বাচনের দিকে এগিয়ে যাচ্ছে। নির্বাচনে ভোটারদের আগ্রহ নেই জানিয়ে একই দিন সরে দাঁড়িয়েছেন বরগুনা-১ আসনের জাতীয় পার্টির প্রার্থী খলিলুর রহমান। তিনি বলেছেন ক্ষমতাসীন দলের সঙ্গে জাতীয় পার্টি সমঝোতা করায় ভোটাররা তাদের বিশ্বাস করছেন না। এছাড়া আজ নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন গাজীপুর-১ ও ৫ আসান থেকে লাঙ্গল প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করা সাবেক স্বাস্থ্য সচিব এম এম নিয়াজউদ্দিন। ব্যক্তিগত কারণ দেখিয়ে সরে দাঁড়িয়েছেন তিনি। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ৩১.১২.২০২৩ রুবাইয়া)

## আসন্ন নির্বাচন বিরোধী দলবিহীন একতরফা নির্বাচন উল্লেখ করে জাতিসংঘসহ বিভিন্ন দূতাবাসে চিঠি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে বিরোধী দলবিহীন একতরফা নির্বাচন উল্লেখ করে জাতিসংঘসহ বিভিন্ন দেশের দূতাবাসে চিঠি দিয়েছে বিএনপি। দলটির আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে রোববার চিঠি ঢাকাস্থ বিভিন্ন দূতাবাসে দেয়া হয়েছে এবং জাতিসংঘের মহাসচিবের দপ্তর চিঠিটি গ্রহণ করেছে। রোববার বিকেলে এক অনলাইন সংবাদ সম্মেলনে এই তথ্য জানান বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। চিঠিতে বলা হয় চলমান অগ্নিসংযোগ এর প্রতিটি ঘটনায় একটি সুনির্দিষ্ট প্যাটার্ন দেখা যাচ্ছে। যার একমাত্র বেনিফিশিয়ারি আওয়ামী লীগ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার অধীনে ২০১৪ ও ২০১৮ সালের মতো দুটি নির্বাচনের পটভূমিতে আগামী ৭ জানুয়ারি একটি নির্বাচনের নামে প্রহসনমূলক ও সহিংস কারচুপির দিকে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ৩১.১২.২০২৩ রুবাইয়া)

## থার্টি ফাস্ট নাইটে আতশবাজি না ফুটানো ও ফানুস না ওড়ানোর আহ্বান

ইংরেজি নববর্ষ উদযাপনের নামে থার্টি ফাস্ট নাইটে আতশবাজি না ফুটানো ও ফানুস না ওড়ানোর আহ্বান জানিয়েছেন ফায়ার সার্ভিস অধিদপ্তর এর মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো: মঈন উদ্দিন। রোববার তার বরাতে এক প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ফায়ার সার্ভিস। বার্তায় ফায়ার সার্ভিসের পরিসংখ্যান তুলে ধরে বলা হয় ২০২২ সালে থার্টিফার্স্ট নাইটে আতশবাজি পোড়ানো ও ফানুস ওড়ানোর কারণে প্রায় ১০০ টি অগ্নিকাণ্ড ঘটেছে যাতে আনুমানিক ১৯ লাখ ৭৫ হাজার টাকার ক্ষতি হয়। এদিকে অপর এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঢাকা মহানগর পুলিশ ডিএমপির পক্ষ থেকে থার্টিফার্স্ট নাইটে আতশবাজি পটকা বাজি ও ফানুস ওড়ানো নিষিদ্ধের কথা বলা হয়েছে।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ৩১.১২.২০২৩ রুবাইয়া)

## ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হসিনা

দেশের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন তিনি। এরই মধ্য দিয়ে শুরু হলো এ বছরের নতুন বই বিতরণ কার্যক্রম। প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার্থীদের মধ্যে পাঠ্যবই বিতরণ করতে পেরে তিনি খুবই খুশি। ২০২৪ সালের পহেলা জানুয়ারি থেকে দেশের সকল শিক্ষার্থীদের কাছে পৌঁছাবে নতুন বই। প্রতিবছর পহেলা জানুয়ারি বই উৎসব উদযাপনের মাধ্যমে একযোগে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের প্রত্যেক শিক্ষার্থীর মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। এবার শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে পৌঁছে দেওয়া হবে ৩ কোটি ৭০ লাখ নতুন বই। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## রাজনৈতিক কারণে ভোট আয়োজন করা কঠিন : কাজী হাবিবুল আউয়াল

ভোটের দু'দিন আগে সহিংসতা হওয়ার আশঙ্কা থাকে উল্লেখ করে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সেই শঙ্কা প্রতিহত করার নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার সিইসি কাজী হাবিবুল আউয়াল। তিনি বলেছেন, আসন্ন নির্বাচনে একপক্ষ ভোটে অন্যপক্ষ ভোট বর্জন করেছে। সুতরাং রাজনৈতিক কারণে ভোট আয়োজন কঠিন। রোববার নির্বাহী

ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ উদ্বোধন অনুষ্ঠানে নির্বাচন কমিশনার এসব কথা বলেন। কাজী হাবিবুল আউয়াল বলেন, ভোটে সব দল আসবে এটা চিরন্তন সত্য কিন্তু আসন্ন নির্বাচনে একটি পক্ষ না আসায় সেটার ব্যত্যয় হয়েছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## সুষ্ঠু নির্বাচন না হলে দেশের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে যাবে : আনিসুর রহমান

একই অনুষ্ঠানে নির্বাচন কমিশনার মোঃ আনিসুর রহমান বলেছেন, সুষ্ঠু নির্বাচন না হলে দেশের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে যাবে। ব্যবসা-বাণিজ্যসহ সবকিছু থমকে যাওয়ার শঙ্কা থাকবে। নির্বাচন কমিশনার আনিসুর রহমান বলেন, শুধু আমাদের দৃষ্টিতে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন করলে হবে না, আমাদের দিকে সমগ্র বিশ্ব তাকিয়ে আছে।এই নির্বাচন যদি সুষ্ঠু, সুন্দরও গ্রহণযোগ্য করতে না পারি তাহলে আমাদের ভবিষ্যৎ অনিশ্চিত। বাংলাদেশের সব বিষয়ে বিশেষ করে আর্থিক, সামাজিক, ব্যবসা-বাণিজ্য সহ সবকিছু থমকে যাওয়ার আশঙ্কা থাকে। বাংলাদেশ হয়তোবা বিচ্ছিন্ন হয়ে যাওয়ার শঙ্কাও থাকবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## লন্ডনে বসে তারেক জিয়া কিলিং স্কোয়াড গঠন করছে : ওবায়দুল কাদের

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়া লন্ডনে বসে কিলিং স্কোয়াড গঠন করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। রোববার সকালে নোয়াখালীর কবিরহাটে এক পথসভায় তিনি এমন মন্তব্য করেন। ওবায়দুল কাদের বলেন, বিরোধীপক্ষ নির্বাচন বিরোধী চালিয়ে যাচ্ছে কিন্তু এই নির্বাচনে জনগণ ভোট দিতে চায়। বিএনপি আন্দোলনে ব্যর্থ হয়ে নির্বাচন বানচাল করতে চায় কিন্তু জনগণ ভোট দিয়ে তা প্রতিহত করবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## আজ থেকে সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হল কাওরান বাজার ও শাহবাগ মেট্রোরেল স্টেশন

কাওরান বাজার ও শাহবাগ মেট্রোরেল স্টেশন আজ থেকে জনসাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে। ফলে উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেলের সব স্টেশনই উন্মুক্ত হলো। ১৩ ই ডিসেম্বর বিজয় স্মরণী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্টেশন চালু হওয়ার পর শুধু কাওরানবাজার ও শাহবাগ স্টেশন চালুর অপেক্ষায় ছিল।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## নির্বাচনে ভোট বর্জনের মাধ্যমে জনগণের বিজয় নিশ্চিত হবে : জয়নাল আবেদীন ফারুক

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোট বর্জনের মাধ্যমে জনগণের বিজয় নিশ্চিত হবে বলে মন্তব্য করেছেন বিএনপি'র চেয়ারপারসনের উপদেষ্টা জয়নাল আবেদীন ফারুক। তিনি বলেছেন, এই সরকারের অধীনে নির্বাচন কমিশন ঘোষিত একদলীয় নির্বাচনে জনগণ অংশগ্রহণ করবে না। সরকার ক্ষমতায় থাকবে না। রোববার রাজধানীর তোপখানা রোড থেকে পল্টন মোড় পর্যন্ত গণসংযোগ ও লিফলেট বিতরণকালে এসব কথা বলেন তিনি। এদিন সেখানে জাতীয়তাবাদী কৃষক দলের উদ্যোগে লিফলেট বিতরণ করা হয়। বিএনপির ও সমমনা দলগুলো আগামী পহেলা জানুয়ারি নতুন বছর থেকে শান্তিপূর্ণভাবে এই নির্বাচন বর্জনের আন্দোলন সফল করে তুলবে বলেও মন্তব্য করেন ফারুক।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## রাজধানীর বনশ্রী এলাকায় পুলিশের সাথে এলাকাবাসীর সংঘর্ষে আহত তিন পুলিশ সদস্য

রাজধানীর বনশ্রী এলাকার একটি বাড়ির সামনে গৃহকর্মীর মরদেহ পড়ে থাকার ঘটনায় বিক্ষুব্ধ এলাকাবাসী ওই বাড়িতে ভাঙচুরা ও গ্যারেজে থাকা তিনটি গাড়িতে আগুন দিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে গেলে পুলিশের সাথে এলাকাবাসীর সংঘর্ষ হয়। রোববার সকালে এই ঘটনা ঘটে। এতে আহত হয়েছেন পুলিশের তিন সদস্য। পরে দু'জনকে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে গেছে পুলিশ। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## বেশ কিছু দল নির্বাচন বর্জন করায় নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে : আইন ও সালিশ কেন্দ্র

আইন ও সালিশ কেন্দ্র বলছে, বেশ কিছু দল নির্বাচন বর্জন করে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। বিভিন্ন আন্দোলনেও চলছে দমন-পীড়ন। রোববার সকালে জাতীয় প্রেসক্লাবে ২০২৩ সালের মানবাধিকার পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করে সংস্থাটি। এতে বলা হয়, দেশে নির্বাচন নয়, ৩০০ আসনে আওয়ামী লীগের কাউন্সিল হচ্ছে। সংবাদ সম্মেলনে আরো অভিযোগ করা হয়, সরকার মানবাধিকার লঙ্ঘনের অভিযোগগুলো ক্রমাগত প্রত্যাখ্যান করেছে। এ অবস্থায় ড. মঈন খানের সমঝোতা প্রস্তাব সরকার বিবেচনা করে দেখতে পারে। কেননা ক্ষমতাসীনদের শান্তি সমাবেশ ও বিরোধীদলের অবরোধ, সহিংসতা আরো বাড়িয়েছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## দেশের মানবাধিকার পরিস্থিতি খুবই খারাপ, মন্তব্য সুলতানা কামালের

দেশের মানবাধিকার পরিস্থিতি খুবই খারাপ বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামাল। তিনি বলেন, মানবাধিকারের কথা তুললে সরকার বিরক্ত হচ্ছে। যারা মানবাধিকারের কথা বলছেন, তাদের বৈরিতার জায়গায় নিয়ে যাওয়া হয়েছে। রাষ্ট্র ও মানবাধিকার কর্মীদের মুখোমুখি দাঁড় করানো হচ্ছে। আজ ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত বাংলাদেশ মানবাধিকার পরিস্থিতি ২০২৩ এমএসএফ-র পর্যবেক্ষণ শীর্ষক দৈনিক

শীর্ষক সংবাদ সম্মেলনে সুলতানা কামাল এসব কথা বলেন। এ সংবাদ সম্মেলনের আয়োজন করে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন এমএসএফ। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## যুক্তরাষ্ট্রের টেক্সাসে দুর্বৃত্তের গুলিতে এক বাংলাদেশি শিক্ষার্থী নিহত

যুক্তরাষ্ট্রের টেক্সাসে দুর্বৃত্তের গুলিতে নিহত হয়েছেন বাংলাদেশের এক শিক্ষার্থী। স্থানীয় সময় শুক্রবার বিউমন্টের একটি দোকানে গুলি ছুড়ে তাকে হত্যা করা হয়। এক প্রতিবেদনে টেক্সাসের স্থানীয় সংবাদ মাধ্যম কেএফডিএম এ খবর জানিয়েছে। নিহত ঐ শিক্ষার্থীর নাম শেখ আমির হোসেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সাবেক শিক্ষার্থী। সেখানকার লামা ইউনিভার্সিটিতে গবেষণা সহকারী হিসেবে কাজ করতেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## তথ্য গোপন করায় সালাউদ্দিনের প্রার্থিতা বাতিল করেছেন আপিল বিভাগ

হলফনামায় সরকারি চাকরির তথ্য গোপন করায় চট্টগ্রাম ৪-আসনের স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ সালাউদ্দিনের প্রার্থিতা বাতিল করেছেন আপিল বিভাগের চেম্বার আদালত। একইসঙ্গে তাকে এক লাখ টাকা জরিমানা করেছেন আদালত। আজ চেম্বার বিচারপতি এম এনায়েতুর রহিম এই আদেশ দেন। এছাড়া তথ্য গোপন করে আদালতের সঙ্গে প্রতারণা করায় তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সেইসঙ্গে তদন্ত করে সিভিল সার্জন ও স্বাস্থ্যের ডিজিকে ব্যবস্থা নেওয়া নির্দেশ দিয়েছে আদালত। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## নিহত হওয়ার ১৪ দিন পর দুই যুবকের মরদেহ ফেরত দিয়েছে বিএসএফ

চুয়াডাঙ্গার দর্শনা থানার বারাদি সীমান্তে গুলিতে নিহত দুই বাংলাদেশি যুবকের মরদেহ ১৪ দিন পর ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। শনিবার সন্ধ্যায় দামুরহুদার বারাদি সীমান্তে বিজিবি-বিএসএফের পতাকা বৈঠক শেষে ভারত মরদেহ দু'টি ফেরত দেয় বলে দর্শনা থানার কর্মকর্তা বিপ্লব কুমার নাথ জানিয়েছেন। নিহত দু'জনই গরু ব্যবসায়ী ছিলেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## প্রায় পাঁচ ঘণ্টা বন্ধ থাকার পর স্বাভাবিক হয়েছে দৌলতদিয়া-পাটুরিয়া নৌরুটের ফেরি চলাচল

ঘন কুয়াশায় প্রায় পাঁচ ঘণ্টা পর দেশের গুরুত্বপূর্ণ দৌলতদিয়া-পাটুরিয়া নৌরুটে ফেরি চলাচল স্বাভাবিক হয়েছে। রোববার সকাল পৌনে নয়টার দিকে নদীতে কুয়াশার ঘনত্ব কমে গেলে এ রুটে পুনরায় ফেরি চলাচল শুরু হয়। এর আগে রাত তিনটা চল্লিশ মিনিট থেকে দৌলতদিয়া-পাটুরিয়া নৌরুটে মাঝ পদ্মায় কুয়াশার ঘনত্ব বেড়ে যাওয়ায় দুর্ঘটনা এড়াতে সাময়িক সময়ের জন্য ফেরি চলাচল বন্ধ করে দেয় কর্তৃপক্ষ। বিআইডব্লিউটিসি দৌলতদিয়া ঘাট পয়েন্টের বাণিজ্যি বিভাগের সহকারী ব্যবস্থাপক সালাউদ্দিন আহমেদ এই তথ্য নিশ্চিত করেছেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

## বছরে শেষ দিনেও বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় ঢাকার অবস্থান শীর্ষে

বছরের শেষ দিনে বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় ঢাকার অবস্থান শীর্ষে। আজ সকালে ৮:৫০ মিনিটে এয়ার কোয়ালিটি ইনডেক্স বা একিউআই স্কোর ২৪৮ নিয়ে রাজধানীর বাতাসের মান খুবই অস্বাস্থ্যকর অবস্থায় রয়েছে। ভারতের দিল্লি, চীনের সাংহাই এবং বসনিয়া ও হার্জেগোভিনার সারাজেভো যথাক্রমে ২৪৩, ২৩৫ ও ২২৭ একিউআই স্কোর নিয়ে তালিকার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ স্থান দখল করেছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.১২.১২এলিনা)

# জাগো এফএম

## ডিএমপি কমিশনারের থার্টি ফার্স্ট নিয়ে কঠোর নির্দেশনা

ডিএমপি কমিশনার থার্টি ফার্স্ট নিয়ে কঠোর নির্দেশনা দিয়েছেন। এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। নিষেধাজ্ঞার পরও যদি কেউ ফানুস ওড়ায়, আতশবাজি ফোটায় বা অস্ত্র দিয়ে গুলি ছোঁড়ে, তাহলে নির্দেশনা অনুযায়ী অ্যাকশন নেওয়া ছাড়া উপায় থাকবে না। তাদের বিরুদ্ধে বিস্ফোরক আইনে মামলা দায়ের করা হবে। রোববার (৩১ ডিসেম্বর) রাজধানীর মিন্টো রোডে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মোহাম্মদ হারুন অর রশীদ। (জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

## ট্যাক্স-ইউটিলিটি বিল না দিতে বিএনপির প্রচারণা রাষ্ট্রবিরোধী

ভোট বর্জনের কর্মসূচির নামে নাশকতার কাজে বিএনপি দিনমজুর-শ্রমিকদের ব্যবহার করছে বলে দাবি করেছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (গোয়েন্দা) অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মোহাম্মদ হারুন অর রশীদ। রোববার (৩১ ডিসেম্বর) দুপুরে মিন্টো রোডের নিজ কার্যালয়ে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বিএনপি ভোট বর্জনের কর্মসূচির নামে যা করছে তা দেশবিরোধী, রাষ্ট্রবিরোধী। এ প্রচেষ্টা বন্ধের জন্য ঢাকা মহানগর পুলিশ বদ্ধপরিকর। (জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

### নতুন শিক্ষাক্রমে মাদরাসার বই রূপান্তরে `জুজুর ভয়,

নতুন শিক্ষাক্রমে বদলে গেছে দেশের শিক্ষা পদ্ধতি। মুখস্ত নির্ভরতা ছেড়ে হাতে-কলমে শেখার গুরুত্বই এখন বেশি। আগামীকাল শুরু হচ্ছে নতুন শিক্ষাবর্ষ। এ শিক্ষাবর্ষে নতুন শিক্ষাক্রমে পড়ানো হবে সাত শ্রেণিতে। সাধারণ শিক্ষার মতো মাদরাসাতেও সাত শ্রেণিতে নতুন শিক্ষাক্রম পড়বে শিক্ষার্থীরা। কিন্তু তাদের হাতে থাকবে আগের সিলেবাসের বেশ কয়েকটি বই। ফলে ২০২৪ সালেও মাদরাসায় নতুন শিক্ষাক্রমে পুরোদমে পাঠদান চালু সম্ভব হচ্ছে না।
(জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

### নির্বাচন সুষ্ঠু না হলে রাষ্ট্রীয় সংকটে প্রধানমন্ত্রী দায়ী হবেন : তৈমূর

নির্বাচন সুষ্ঠু না হলে রাষ্ট্রীয় সংকটে প্রধানমন্ত্রী দায়ী হবেন বলে মন্তব্য করেছেন তৃণমূল বিএনপির মহাসচিব ও নারায়ণগঞ্জ-১ আসনের প্রার্থী অ্যাডভোকেট তৈমূর আলম খন্দকার। রোববার (৩১ ডিসেম্বর) দুপুরে জেলার রূপগঞ্জ মুড়াপাড়া এলাকায় গণসংযোগ করার সময় তিনি এ মন্তব্য করেন। (জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

### রাষ্ট্রীয় মদদে অগ্নিসন্ত্রাস ও নাশকতা চলছে : বিএনপি

আন্তর্জাতিকভাবে কলঙ্কিত ও বিকৃত ২০১৪ ও ২০১৮ সালের দুটি নির্বাচনের পটভূমিতে আবারও আগামী ৭ জানুয়ারি নির্বাচনের নামে একটি প্রহসনমূলক ও সহিংস কারচুপির দিকে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। তথাকথিত এই `ডামি নির্বাচন, সামনে রেখে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় যে নাশকতা চলছে, তাতে শুধু গণতন্ত্রকামী রাজনৈতিক নেতাকর্মীরাই নন, নিপীড়ন নিষ্পেষণের শিকার হচ্ছেন খেটে খাওয়া প্রান্তিক মানুষও। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান কাঠামোতে বিশেষত বাস-ট্রেনে পরিকল্পিত হামলার মাধ্যমে জনগণের জানমাল ও নিরাপত্তা-স্বাধীনতা বিনষ্ট করছে আওয়ামী লীগ ও আইন-শৃঙ্খলা বাহিনীর একাংশ। রোববার (৩১ ডিসেম্বর) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব কথা তুলে ধরেছে বিএনপি। (জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

### মঈন খানের সঙ্গে এনডিআই-আইআরআই পর্যবেক্ষক দলের বৈঠক

আগামী ৭ জানুয়ারির দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণের জন্য যুক্তরাষ্ট্রের গবেষণা প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউট (আইআরআই) ও ন্যাশনাল ডেমোক্রেটিক ইনস্টিটিউটের (এনডিআই) ঢাকা সফররত প্রতিনিধিদল বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খানের সঙ্গে বৈঠক করেছে। রোববার (৩১ ডিসেম্বর) গুলশানে মঈন খানের বাসভবনে প্রতিনিধিদলটি প্রায় পৌনে দুই ঘণ্টা বৈঠক করে। বিকেল ৪টায় শুরু হওয়া বৈঠক শেষ হয়েছে সন্ধ্যা পৌনে ৬টায়। (জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

### ১৫ বছরে রাষ্ট্রের সব সাংবিধানিক প্রতিষ্ঠান ধ্বংস করেছে সরকার

ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রেসিডিয়াম সদস্য প্রিন্সিপাল মাওলানা সৈয়দ মোসাদ্দেক বিল্লাহ আল-মাদানি বলেছেন, সরকার দীর্ঘ ১৫ বছরে নির্বাচনি ব্যবস্থাসহ রাষ্ট্রের সব সাংবিধানিক প্রতিষ্ঠানকে ধ্বংস করে দিয়েছে। রোববার (৩১ ডিসেম্বর) সকালে রাজধানীর বায়তুল মোকাররমের সামনে তিনি এসব কথা বলেন। একতরফা প্রহসনের নির্বাচন বন্ধ, অবৈধ সংসদ ভেঙে দেওয়া এবং বিতর্কিত শিক্ষা কারিকুলাম বাতিলের দাবিতে রাজধানীর বায়তুল মোকাররম উত্তর গেটে জমায়েতে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। (জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

### নির্বাচন ঠেকাতে জাতিসংঘের হস্তক্ষেপ চেয়ে বিএনপির চিঠি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ঠেকাতে হস্তক্ষেপ চেয়ে জাতিসংঘে চিঠি দিয়েছে বিএনপি। রোববার (৩১ ডিসেম্বর) রাতে দলটির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন। চিঠিতে বিএনপি জানিয়েছে, বর্তমান সরকারের অধীনে ২০১৪ ও ২০১৮ সালের দুটি বিতর্কিত নির্বাচনের পটভূমিতে আবারও আগামী ৭ জানুয়ারি নির্বাচনের নামে একটি প্রহসনমূলক ও সহিংস কারচুপির দিকে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। তথাকথিত এই `ডামি নির্বাচন, সামনে রেখে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় যে নাশকতা চলছে, তাতে শুধু গণতন্ত্রকামী রাজনৈতিক নেতাকর্মীরাই নন, নিপীড়ন-নিষ্পেষণের শিকার হচ্ছেন খেটে খাওয়া প্রান্তিক মানুষও। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান-কাঠামোতে, বিশেষত বাস-ট্রেনে পরিকল্পিত হামলার মাধ্যমে জনগণের জানমাল ও নিরাপত্তা-স্বাধীনতা বিনষ্ট করছে আওয়ামী লীগ ও আইন-শৃঙ্খলা বাহিনীর একাংশ।(জাগো এফএম : ৩১.১২.২০২৩ প্রতীক)

## BBC

### US destroys Houthi boats after Red Sea hijack attempt

The US Navy has destroyed Houthi small boats attempting to board a container ship in the Red Sea. Four vessels from Houthi-controlled areas in Yemen fired upon the Maersk Hangzhou and got to within metres of the ship, the US military said. Helicopters from nearby US warships responded to a distress call and after being fired upon, sunk three of them in self-defense. The crews were killed and the fourth boat fled the area. Houthi forces have

been attacking ships in the Red Sea since November, launching more than 100 drone and missile attacks on vessels passing through the vital shipping lane.
(BBC Web Page: 31/12/23, FARUK)

**Pro-Palestine campaigners call for Gaza ceasefire on New Year's Eve**

Activists have launched a global campaign asking people to turn the New Year's countdown in their countries into a countdown for a ceasefire in Gaza, which has been under devastating Israeli bombardment since October 7. New Year's Eve is a moment of celebration worldwide, and an opportunity to create resolutions for a brighter future. With nearly 30,000 civilians killed, including over 10,000 children, our only New Year's resolution is to call for a permanent ceasefire, Countdown2Ceaseffire, a London-based grassroots campaign, said in a statement on Thursday. So far the campaign has successfully been embraced by activists in over 30 countries, including Switzerland, Turkiye, Malaysia, Australia, Tanzania, Mexico and Germany, according to the organizers.
(BBC Web Page: 31/12/23, FARUK)

**Russia hits Ukraine with second wave of air strikes**

Ukraine is again under attack by Russian drones, officials say, after two days of major aerial assaults by both sides. There are reports of explosions in Kyiv and Kharkiv, where the mayor said residential buildings were on fire. Moscow has been retaliating against Ukrainian strikes on the Russian border city of Belgorod on Saturday, which killed at least 20 people. That came after Russia carried out strikes across Ukraine on Friday. Those strikes, which killed 39 people, were described by Kyiv as Russia's biggest missile bombardment of the war so far. The latest attacks happened as Ukraine entered its final day of 2023.
(BBC Web Page: 31/12/23, FARUK)

**Bangladesh sees dramatic rise in lightning deaths linked to climate change**

On the day he thought he'd be celebrating his wedding, Mamun buried 16 of his relatives. They had been killed by lightning on the way to the ceremony. Dressed in their finest saris and suits, his family members boarded a boat to join Mamun, when a heavy storm struck. as the rain lashed down the boat pulled over and they took shelter under a tin shed on the riverbank, when they were hit. Bangladesh, which is blighted by extreme weather and heavy storms, suffers an average of 300 deaths by lightning every year, according to the UN. That's compared with fewer than 20 annually in the United States, which has almost double the population. (BBC Web Page: 31/12/23, FARUK)

**North Korea says it will launch new spy satellites in 2024**

North Korea plans to launch three more spy satellites next year as part of efforts to ramp up its military, the country's state media has said. Last month Pyongyang put a spy satellite into space - and claims it has since photographed major US and South Korean military sites. Setting out his aims for 2024, Kim Jong Un also said his dealings with South Korea would see fundamental change. And he said he had no option but to press ahead with his nuclear ambitions. (BBC Web Page: 31/12/23, FARUK)

**Many displaced Gazans living in the open: UN**

Many displaced Gazans are living in the open, in the parks, Juliette Touma of the UN relief agency for Palestinian refugees, UNRWA, has told the BBC. According to the UN's humanitarian office (OCHA), at least 1,00,000 people have fled to Rafah - which borders Egypt in Gaza's south - in recent days. UNRWA's Ms Touma said the UN was being authorized to bring in limited assistance. But Gaza's humanitarian needs, she said, have massively grown. She said UNRWA continued to face restrictions to access areas in the Gaza Strip where we should access. (BBC Web Page: 31/12/23, FARUK)

**UN peacekeepers leave Mali after decade**

UN peacekeepers are finishing their withdrawal from Mali on Sunday, after a long-running mission lasting a decade. Minusma - the Multidimensional Integrated Stabilization Mission - began in 2013 after an armed rebellion, but has been asked to leave by the country's ruling military government. The UN mission's head said it did a lot but fell below expectations. With some 310 peacekeepers killed, Minusma was the UN's second deadliest mission worldwide, after Lebanon. In the summer, Mali told the UN that its 12,000 peacemakers needed to leave, and the UN Security Council voted to withdraw the mission.
(BBC Web Page: 31/12/23, FARUK)

**Netanyahu says Gaza-Egypt border zone should be under Israeli control**

The border zone between the Gaza Strip and Egypt should be under Israel's control, Israeli Prime Minister Benjamin Netanyahu has said, as he predicted the war in the Palestinian enclave and on other regional fronts would last many months. As Israel entered the 13th week of its war in Gaza on Saturday, Netanyahu held a news conference where he renewed his promise to eliminate Hamas and bring home all Israelis held captive in Gaza. Israel has said it intends to destroy Hamas in Gaza and demilitarize the territory to prevent any repeat of the October 7 cross-border killing and kidnapping spree by the armed group.
(BBC Web Page: 31/12/23, FARUK)

**Pakistan election body rejects Imran Khan's nomination for 2024 elections**

Pakistan's election body has rejected former Prime Minister Imran Khan's nomination to contest the 2024 parliamentary elections, with Khan's Pakistan Tahreek-e Insaf (PTI) party accusing authorities of stopping most of its candidates from participating in the elections due in February. The 71-year-old former cricket star, who is serving a three-year prison sentence for corruption, was barred from politics for five years by the Election Commission of Pakistan (ECP). But he still filed nomination papers on Friday. Election officials disallowed Khan's candidacy because of his conviction and what they said was his disqualification under the Constitution, according to documents seen by the AP. (BBC Web Page: 31/12/23, FARUK)

:: The End ::